

মারহায়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯ : ২২

আরবি মূল আয়াত:

﴿٢٢﴾ فَحَمَلَتْهُ فَانْتَبَذَتْ بِهِ مَكَانًا قَصِيًّا

Aর্থ অনুবাদসমূহ:

তারপর সে তাকে গর্ভে ধারণ করল এবং তা নিয়ে দূরবর্তী একটি স্থানে চলে গেল। — আল-বায়ান

অতঃপর ছেলে তার গর্ভে আসল। তখন সে তা নিয়ে দূরবর্তী জায়গায় চলে গেল। — তাইসিরুল

অতঃপর সে গর্ভে সত্তান ধারণ করল এবং ঐ অবস্থায় এক দূরবর্তী স্থানে চলে গেল। — মুজিবুর রহমান

So she conceived him, and she withdrew with him to a remote place. — Sahih International

২২. অতঃপর সে তাকে গর্ভে ধারণ করল এবং তা সহ দূরের এক স্থানে চলে গেল;(১)

(১) দূরবর্তী স্থানে মানে বাহিত লাহিম। [কুরতুবী] কাতাদা বলেন, পূর্বদিকে। [তাবারী] মারহায়াম আলাইহাস সালাম হঠাতে গর্ভধারণ করলেন। এ অবস্থায় যদি তিনি নিজের ইতিকাফের জায়গায় বসে থাকতেন এবং লোকেরা তাঁর গর্ভধারণের কথা জানতে পারতো, তাহলে শুধুমাত্র পরিবারের লোকেরাই নয়, সম্প্রদায়ের অন্যান্য লোকরাও তাঁর জীবন ধারণ কঠিন করে দিতো। তাই তিনি কঠিন পরীক্ষার সম্মুখীন হবার পর ইচ্ছা পূর্ণ না হওয়া পর্যন্ত নিজ সম্প্রদায়ের তিরক্ষার, নিন্দাবাদ ও ব্যাপক দুর্গাম থেকে রক্ষা পান। [দেখুন, কুরতুবী; ইবন কাসীর] ঈসা আলাইহিস সালামের জন্ম যে পিতা ছাড়াই হয়েছিল এ ঘটনাটি নিজেই তার একটি বিরাট প্রমাণ। যদি তিনি বিবাহিত হতেন এবং স্বামীর ওরসে সত্তান জন্মলাভের ব্যাপার হতো তাহলে তো সত্তান প্রসবের জন্য তাঁর শঙ্খরালয়ে বা পিতৃগৃহে না গিয়ে একাকী একটি দূরবর্তী স্থানে চলে যাওয়ার কোন কারণই ছিল না। সুতরাং নাসারাদের মিথ্যাচার এখানে স্পষ্ট। তারা তাকে বিবাহিত বানিয়ে ছাড়ছে।

তাফসীরে জাকারিয়া

(২২) অতঃপর সে গর্ভে সত্তান ধারণ করল ও তাকে নিয়ে এক দূরবর্তী স্থানে চলে গেল।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2272>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন